Supplementary information regarding data collection of the following article:

Citation: Fatima, N., & Reza, M. M. (2026). Flouting Grice's Maxims as a Satirical Strategy in Bangladeshi Digital Diaspora Discourse. *Journal of ELT and Education*, *9*(2), 43-50.

22 Facebook Posts Considered for the Analysis:

1

Switzerland Probashi
2 April at 08:33 ·

আজকে একটা ভারতীয় গানের সাথে নাচতে হইছে। শাহরুখ খানের ছবির গান - কেদোনা কেদোনা ইউ আর মাই সোনিয়া। সবসময় আমরা ইংলিশ গানই বাজাই। জানিনা আজকে কিজন্য হিন্দি গান বাজাইলো। আমার ঘাম ছুটে গেছে নাচতে নাচতে। ভালুকের পুতুলের ভিতর যেই লোক ডিউটি করে, তার জন্য ইজি। আমি ডিউটি করি হাতির পুতুলের ভিতরে। আমার নাচতে নাচতে অবস্থা খারাপ। তার উপর আবার আজকে কোমড়ে ওড়না পেচাইয়া দিছে। এটা খুলে গেলে বোনাস কেটে রাখবে।

আচ্ছা যারা পুতুলের ভিতরে চাকরি করছেন, কেউ একটা বুদ্ধি দিতে পারবেন কিনা, কি করলে গরম কম লাগবে? আমি গোপনে গোপনে টেস্টার দিয়ে পুতুলের পেটের দিকে ৫-৬টা ছিদ্রি করছি। কিন্তু লাভ হয়না। কোনো বাতাস ঢুকেনা।

কামরুজ্জামান কামরুজ্জামান
সুইজারল্যান্ড প্রবাসী



7.4K 284 comments 20 shares

2

Switzerland Probashi
20 July 2023 ·

আমি একজন সুইজারল্যান্ড প্রবাসী। আমাদের নৌকার ১০ জন গেছে ইতালি। ১০ জন ফ্রান্স। ৭ জন সুইজারল্যান্ড। আর বাকি ৩ বলদ লিবিয়াতেই রয়ে গেছে। আলহামদুলিল্লাহ আমরা ভালো আছি। আমাদের বাসায় জানিয়ে দিবেন।

আমিনুল ইসলাম
সুইজারল্যান্ড প্রবাসী ও ভবিষ্যত নাগরিক

Sadman Shupto and 1.1K others 85 comments 43 shares

Like Comment Share

3

Switzerland Probashi
21 July 2023 ·

আমি একজন সুইজারল্যান্ড প্রবাসী। এই দেশে আমরা পিজা নামে একটি খাবার খাই। যা খুবই সুস্বাদু। আমি জানতে চাই, বাংলাদেশে পিজা এখনো গেছে কিনা। দেশে যাইনা অনেক বছর হয়। সুইজারল্যান্ডেই সেটেল তাই দেশের খবর জানিনা। পিজার দোকান না থাকলে দেশে একটা পিজার ব্যবসা দিবো। আমাদের বাঙালি ভাইয়েরাও যাতে পিজার টেস্ট পায়। একটা নতুন খাবারের সাথে পরিচয় হয়।

ওসমান গনি
সুইজারল্যান্ড প্রবাসী সংঘ




4

Switzerland Probashi
22 October 2023 ·

সুইজারল্যান্ডের একটা বিশেষ পাতা। আমরা এটারে বলি মোহাব্বাতিন পাতা। বাংলাদেশে যাদের বাসায় টিভি আছে বা যারা একটু আধুনিক পরিবার, তারা হয়ত হিন্দি সিনেমা (ভারতের ছবি) দেখেন। নিশ্চয়ই শাহরুখ খানের মোহাব্বাতিন ছবি দেখছেন। ওই ছবিতে সর্বপ্রথম এই গাছের পাতা দেখানো হয়। তারপরই বিশ্বে এই গাছ প্রথম লাগানো হয়। এবং বিশ্বের বিভিন্ন দেশে এই পাতা জনপ্রিয় হয়। আমাদের জুরিখ শহর এই গাছের জন্য বিখ্যাত। শীতে রাস্তাঘাটে যেদিক তাকাবেন, শুধু মোহাব্বাতিন পাতা দেখা যাবে। এজন্যই বলছে এটা বিদেশ। রাস্তায় একটা ঠোঙ্গা পরে থাকলে সেটাও সুন্দর। নাইলে আর বিদেশ বলছে কেনো?

গোলাপ মাহবুব
সুইজারল্যান্ড প্রবাসী



5

Switzerland Probashi
25 March at 10:49 ·

আর কখনো বাংগালি লোকদেরকে কাজে রাখবোনা। লাগলে ইন্ডিয়ান রাখবো। কিন্তু বাংগালিদেরকে কাজে রাখাও একটা গুনাহ। তোগোরে নিজের দেশের লোক ভাইবা কাজ দেই। তোরা কাজে ফাঁকে দেস।

মাদারীপুর থেকে নতুন পোলা আসছে। ওরে বলি একরকম। করে আরেকরকম। আজকে বললাম ভোরবেলায় আসো। কিচিনটা ময়লা হইয়া রইছে। পরিষ্কার করো। সে এসে থালাবাটি মাজা দিয়ে বসে রইছে। তার নাকি শীত করে। বললাম, দেওয়াল পরিষ্কার করো। কলের থেকে বালতি ভরে পানি এসে বিলিছিং পাউডার মিশাইয়া একটা জালি দিয়ে তাক গুলা ডলা দেও। সে বলে, গেলাবস ছাড়া বিলিছিং পাউডার ধরতে পারবেনা। হাত ঘাও হবে। আবার বলে, ইউরুপের পানি ঠান্ডা। তাকে গেলাবস কিনে দিতে হবে। গেলাবস ছাড়া পানি ধরার কাজ করবেনা।

সারাজীবন এত বাংগালি রাখলাম। গেলাবস ছাড়া সবাই কাজ করলো। তুই কোন জমিদার রে। গেলাবস ছাড়া কাজ করতে পারবিনা। ওরে আলটিমেটাম দিয়ে আসছি, তুই যদি সন্ধ্যার আগে আগে সব পয়পরিষ্কার করে রাখতে পারো, তাহলে তোর চাকরি থাকবে। নাহলে সোজা দোকান থেকে বাইর হয়ে যাবি। কোনো বেতন পাবিনা।

এভাবে হলে চলবে? ধুরো, আর কোনোদিন বাংগালি লোকই কাজে রাখবনা।

ওসমান গণি
সুইজারল্যান্ড প্রবাসী



6

Switzerland Probashi
2 February ·

এই যুগের মেয়েরা নষ্ট হয়ে গেছে। আমাদের যুগেও আমরাও তো দেখতে শুনতে ভালো ছিলাম। ১১ বছর বয়স থেকে আমার বিয়ার সমন্দ আসা শুরু হইছে। ১৩ বছর বয়েসে বিয়ে করছি। কই আমরা তো কখনো উছরিংখল করি নাই। এগুলা সমাজের দোষ না। মনের দোষ। এজন্য আমি চাই জামাত আসোক। পিশ্টাইয়া সোজা করে দেউক। হিসাব করে দেখলাম -

১. জামাত আসলে মেয়েদের উছরিংখলতা কমবে। বেহাইয়াপানা কমবে। রাস্তাঘাটে কেউ আর পিঠ উদাম করে হাঁটবেনা।

৩. দোকানে দোকানে খেতে যাবেনা। ঘরে পাকশাক করে খাবে। যেই জিনিস তুমি দোকানে একা খাও বা জামাই সহ খাও, সেই জিনিস তুমি ঘরে পাক করে শ্বশুরবাড়ি সহ খাইবা।

৪. নরমেল শিক্ষার হার কমবে। ইসলামিক শিক্ষার হার বাড়বে। এর ফলে যেটা হবে, ওষুধ বিসুখ হলে নিজেই দোয়াদুরুদ পড়ে পানিতে ফুঁ দিয়ে খেয়ে নিজের ট্রিট ম্যান নিজে করতে পারবে। আইজকাইলকার বউয়েরা বাচ্চায় একটু হাচ্চো দিলেই ডাক্তারের কাছে দৌড় দেয়। কোনো বেছিক জ্ঞানও নাই যে কোনটা করলে ঘরের মধ্যেই বাচ্চাকে ট্রিট ম্যান করে সারানো যাবে।

৫. নারী নির্যাতন আইন থাকলেও খুব একটা কাজে দিবেনা। এই আইনের ধারা দেখাইয়া অনেক ভালো ভালো ছেলের জীবন নষ্ট হইছে। বরিশালে আমার ছোট ছেলের বউটা খামাখামা আমার ছেলের নামে মামলা দিয়ে চলে গেছে। তুই মা*ইর খাওয়ার কাজ করছত। তখন তোর দোষ হয়না। আর জামাই তোরে মা*ইর দিলেই দোষ?

৬. কিছু মহিলা আছে চাকরির দোহাই দিয়ে বাইরে অন্য পুরুষদের সাথে রংঢং করে বেড়ায়। তোর রিজিক আসবে তোর জামাইর হাতায়। চাকরি করন লাগবে কেনো? তোর জামাই কি তোরে না খাবাইয়া রাখবে? এগুলারে বলে থাডকেলাস।

এইজন্যই চাই জমাত আসোক। মহিলা জাতটাকে শিক্ষা দেউক।

আম্মো, ওসমান গণি
সুইজারল্যান্ড প্রবাসী

7

Switzerland Probashi
28 October 2025 ·

বিদেশে রবিবারই শুক্রবার। গেছেকাল একটা খতনার দাওয়াতে গেছিলাম। লোকমান ভাইয়ের ছেলের মোছলমানি। বাংলাদেশ থেকে মেহমান আসছে। এদের জামাকাপড়ের যা ছিরি দেখলাম। ছিহ, আমাদের বুয়ারাও এগুলা জামা পরেনা। অবশ্য বেশিরভাগ বাংগালি মহিলারাই কিভাবে টেডিশনাল ড্রেস কেরি করতে হয় ওইটা জানেনা। মনে করে, দামী ড্রেস একটা গায়ে দিলেই বুঝি বড়লোক। কিসব জরিটরি ওয়ালা ঝিকমিকি জামা পরে আসছে। অবশ্য ওদের কি দোষ দিবো! সুইজেই আছে কিছু মহিলা নেলপালিশরে বলে নুখপালিশ।

অন্যদিকে জুরিখের সব মহিলারা আমার স্লিপিস দেখলে বলে ভাবি আপনাকে দেখতে এত এলিগেন লাগে কেনো? আপনি কি নিজে জামা বানিয়ে পড়েন নাকি? ফ্যাশন ডিজাইনের উপরে মাছটাস করছেন? আপনার ফ্যাশেন সেন্স এত ভালো কেনো?

না। আমি ডিজাইন করিনা। আমার ননদ Nusrat's Collections থেকে জামা ওয়াডার করি। গুলশান বনানীর ভাবীদের জন্য সে ইন্ডিয়ান জামা সেল করে। আমরা যারা মুক্তিযুদ্ধ ফেমিলির লোক, তারা ইন্ডিয়ান ড্রেস কিনি। পাকিস্তানিটা কিনিনা। আর ওদের ডিজাইনও খুব ঝাকানাকা। এসব জামা গায়ে দিলেই বুঝা যাবে এই মহিলাটা মনে হয় কোনো ভালো হাজবেন্ডের ফ্যামিলি থেকে বিলং করে।

কালাম ভাইকে বলব, তার মেয়ে শামসুন্নাহারকে ছটপ্যান্ট না পরিয়ে ট্রেডিশনাল পোশাকআশাক পরানো শুরু করেন। মেয়েটাকে তো বিয়েশাদি দিতে হবে। নাকি? হাওয়ার উপর তো আর বিয়ে হয়ে যাবেনা। ভালো পুরুষরা শার্ট প্যান্ট পরা মেয়েদেরকে রিলেশান করলেও কখনো বিয়ে করতে চায় না।

ভাবী, ওসমান গনি
সুইজারল্যান্ড প্রবাসী

You, Tahiyat Nazifa Noor, Redowan Islam Palash and 7.2K others 494 comments 17 shares

8

Switzerland Probashi
13 March ·

দেশে আমার ছোটমেয়ের সাথে কথা বললাম। ওদের বাচ্চারা নাকি ঈদে গ্রামের বাড়িতে যাইতে চায় না। এইটা আবার কোন ব্যারাম? গ্রামের বাড়ি যাবি। মা খালাদের চিনবি, খালাত ভাইবোনদের সাথে পরিচয় হবি। সম্পর্ক রক্ষা করবি। ওদিকে বাপ চাচারা আছে, ওদের জায়গাজমির খবর নিবি। কোথায় কতটুকু বর্গা দেওয়া আছে, কিংবা বাড়ির পুকুরে বছরে কয়বার জাল দেয়, প্রতি জালে কয় মন মাছ উঠে, এগুলা জিগাস করবি। তোরা যদি বাপ মার সাথে সাথে দেশে না যাস, তাহলে সম্পর্ক টিকবে কিভাবে? যদি এখনই নিজের জায়গাজমি না চিনছ, এই সম্পত্তি কিভাবে রক্ষা করবি? এইজন্যই তো মুরব্বিরা বলে, পিঁপড়ায় খাবে বড়লোকের ধন।

Airtel এর একটা শটফিলিম দেখলাম Home not coming । এটা দেখেই মন চাইছে ওসমানকে ধরে কান পাচাইয়া একটা বয়রা মারি। নিজে তো বিদেশে এসে উঠছস, পোলাপানগুলারেও জাকারিয়ার মত আটকুরা বানাইতেছস। চাচাত মামাত ভাইবোনের মহব্বত যে কি জিনিস, ওরা তো সেটা বুঝেই না। ঠিকমত বাংলা ভাষাটাও বুঝেনা। বরিশালের নাম শুনলেও ওদের চোখেমুখে কোনো আনন্দ দেখিনা। আমার জীবনটাই ধ্বংস করে ফেলছে আমার এই ছেলেটা। এগুলা কেমন নাতি নাতকুর পাইলাম !

ওসমান আজকে বাসায় আসোক। কামরুজ্জামানের উপহার দেওয়া লাঠিটা নিয়ে অপেক্ষা করতেছি।

আম্মো, ওসমান গণি
সুইজারল্যান্ড প্রবাসী



9

Switzerland Probashi
23 March at 22:02 ·

কামরুজ্জামানের উপরে আমরা সবাই বিত্যান্ত। সে কোথায় থেকে কাউলা একটারে ধরে নিয়া আসছে। কাউলা এখন রুমের ভিতর আস্তানা গাড়ছে। যেখানে কামরুজ্জামান নিজেই গোলাপ ভাইয়ের সাথে রুম শেয়ার করে ভাড়া থাকে হারুন ভাইর বাড়িতে। সেখানে সে আরেকটা অপরিচিত লোককে কিভাবে রুমে এলাউ করে। এটা নাকি তার ফ্রেন্ড। নাম এমপোপো। এই কাউলা কবে থেকে তার ফ্রেন্ড হইলো। কিভাবে পরিচয়। কিছুই আমরা জানিনা। এবং তার ভাষাও ঠিকমত কেউ বুঝিনা। জিম্বাবু ভাষায় কথা বলে। ইংলিশ খুব সীমিত।

কামরুজ্জামানকে ডাক দিয়ে জিগাস করছি, তোর এই এমপোপো কয়দিন থাকবে? এরে কেনো বাসায় আনছো?

কামরুজ্জামান বলতেছে, তার মেহমান আসতেই পারে। সে টাকা দিয়ে রুম ভাড়া নিছে। মেহমান যতদিন খুশি ততদিন থাকবে।

এটা কোনো কথা? গোলাপ ভাই এখন বিপদে পরে গেছে। রুমে তার মূল্যবান জিনিসপত্র আছে। কিছু যদি চুরিটুরি হয়? তাছাড়া কাউলার আচার ব্যবহারও ভালো না। সে নাকি রুমের ভিত্রে বিড়ি খায়। লেপ্টিনে গিয়েও বিড়ি খায়। এখন কি করব, আমাদের কারো বুঝে আসতেছেনা।

জাকারিয়া এম চৌধুরী
সুইজারল্যান্ড নাগরিক



10

Switzerland Probashi
7 March ·

রোজা নিয়ে দশটি ইংলিশ। যারা বিদেশে আসবেন বা অলরেডি বিদেশে আছেন কিন্তু ভাষা জানেন না, সবখানে অপমানী হন। তারা শিখে রাখেন -

১. রোজা - Ramadan

৩. আমি রোজা - I am Ramadan

৪. আমার নাম রোজা - My name is Ramadan

৫. আমি আজকে বেরোজদার - I am not Ramadan

৬. গলাটা শুকাইয়া গেছে - I love water

৭. খিদায় মাথা চক্কর দিতেছে - What is Maghrib time?

৮. মুখ থেকে গন্ধ আসে। অন্যদিকে ফিরো - Bad smell. Yaak

৯. আমাকে আজকে সেহরির সময় ডেকোনা - No alarm only sleep. Body tired, take rest.

১০. গতবছর না শাড়ি কিনলা? এখন আবার কিসের শাড়ি? - You shopping last time. No shopping this time.

১১. রোজা রেখে অফিসে ভাতরুম ধুবোনা - I am Ramadan. Toilet is haram. No toilet wash.

প্রথম প্রথম একটু কষ্ট হবে। কিন্তু শিখলেই সহজ। শিখতে বেশিক্ষণ লাগেনা। মনের ভয়টাই বড় ভয়। যত দ্রুততা ভাষা শিখবেন তত দ্রুততা পিআর পাবেন।

জাকারিয়া এম চৌধুরী
সুইজারল্যান্ড নাগরিক

7.2K 331 comments 138 shares

11

Switzerland Probashi
16 February ·

প্রতিটা মহিলারই স্বপ্ন, বিদেশের মাটিতে একটা সাদা স্ট্রিনের বয়ফ্রেন্ড জোগাড় করা। স্পাইস ভিসায় জামাইর সাথে আসা মহিলা থেকে শুরু করে মাস্টার ডিগ্রির স্টুডেন্স, সবাই চায় ফর্সা বিয়ে করতে। কারণ এটা লাল পাসপোর্ট পাওয়ার রাস্তারে মুলাম করে। আল্লাহর অশেষ রহমতে আমি আজকে একজন ফর্সা বিএফ পাইলাম। কিভাবে সিস্টেম করলাম বলতেছি।

২. আমাদের কথা হইছে ইসনাপচেটে। আমি প্রথমে ভঙ্গিমা ধরে ছিলাম। কোনো ছবিটবি দেইনা। বলছি আমি পর্দা করি। অনেকদিন রিকুয়েস্ট করছে একনজর দেখার জন্য। কিন্তু ভিডিউ কল ধরিনাই। এভাবে টান বাড়ছে।

২. তারপরে একদিন ভিডিও কল করার পর চেহারা দেখে পাগল হয়ে গেছে। তারপর মিট করলাম। বলছি হাত ধরা যাবেনা। দুর থেকে দেখবা। এটা বলায় সে আরো পাগল হয়ে গেছে। মনে মনে ভাবছে, কিরে মেয়েটা ত অনেক ভালো।

২. তারপরে ডেটিংয়ের সময় সে নিছে এলকো। আমি বলছি, দেখো আমি তো মোসলমান। এলকো খাইনা। জোর কইরোনা। সর্বোচ্চ একটা বিয়ার খাইতে পারি। বিয়ারে নামাজ কবুল হবে। মদে হবেনা।

২. তারপরে আমরা লংড্রাইভে একটা জায়গায় ঘুরতে গেছি।

এভাবেই একজন সাদা চামড়ার খিরিষ্টানের সাথে আমার প্রেম হয়ে গেলো। এটা ছিলো আমার প্রথম ডেট। প্রেম করার পর ইনশাল্লাহ অনেক চেঞ্জ আসছে আমার মধ্যে। এখন আর জেনজি সেলাং ইউজ করতে ভালো লাগেনা। সবাই মিলে আমার জন্য দোয়া করবেন। আল্লাহুম্মা বারিক লাহু।

শামসুন্নাহার
মেয়ে, আবুল কালাম
সুইজারল্যান্ড প্রবাসী



12


Switzerland Probashi
31 March at 18:13 ·

ঈদে আমার সাদা বিড়ালটা বাসায় আসছিলো। ও যেহেতু খিরিষ্টান। বিফ চিকেন এগুলা খাবে কিনা জানিনা। তাই ওর জন্য আলাদা করে পোরক পাক করছি। আব্বু এক কেজি পোরক নিয়ে আসছে। এটা তো আগে কেউ কখনো পাক করে নাই। আম্মুকে বললে অবশ্য পাক করে দিত। কিন্তু আমি চাইছি নিজের হাতে পাক করতে। সাথে দিছি বরাপ পরোটা আর ডিম ফোস।

উনি তো খেয়ে প্রচন্ড খুশি। কিছুক্ষণ ঝালে লাফাইছে। তখন আমরা সবাই মিলে হাসছি অনেক এই সিন দেখে। তারপর আম্মু আবার চটপটি-গোলগাপ্পার আয়োজন করছে। সে তো তেঁতুলের টক মুখে দিয়েই বমি করে দিছে। আমার আম্মু হাসতে হাসতে শেষ। পুরুষ মানুষ এমন হলে হয়? যদিও বিদেশি। সেই হিসাবে ওকে। ওরা জীবনে তেঁতুল খায়নাই, এটাই বরংচ নরমেল।

সবাই দোয়া করবেন, যাতে বিয়েটা দ্রুততো হয়ে যায়। আমাদের রেসিডেন্স পারমিট আর অল্প কিছুদিন আছে।

শামসুন্নাহার
মেয়ে, আবুল কালাম
ভবিষ্যৎ সুইজারল্যান্ড নাগরিক



13

Switzerland Probashi
27 February 2024 ·

আসছে রমজান মাস উপলক্ষে আমরা সুইজারল্যান্ড প্রবাসী ভাইরাদাররা মিলে পার্কে আসছি। শবে বরাত এমন একটা সময়। এই দিন আসলেই বুঝতে হবে রোজা আসতেছে। যা মজমাস্তি করার এখনই করে নাও। পার্টি দিবা ফূর্তি করবা, এই ১৫ দিনের ভিতর করে নাও। তারপর আর একমাস কোনো পার্টি হবেনা। এইজন্যই পার্কে আসলাম।

ছবিতে আমরা তিন ভাই উত্তর পাশে কামরুজ্জামান, মাঝখানে আমি মোহাম্মদ আবুল কালাম আর দক্ষিণ পাশে ওসমান গণি ভাই। এমনেতে হারুন ভাই আর গোলাপ ভাইও ছিলো। তারা একটু লাজুক। ছবি তোলার সময় পলায়া থাকে। আর কামরুজ্জামান বাচ্চাদের ঘোড়ায় চড়ে খেলতেছিলো। আমরা ছবি তোলতেছি দেখে দৌড়ায়া চলে আসছে। ওর একটু ছবি তোলার শখ বেশি।

সবাই দোয়া করবেন ঈদ পর্যন্ত যাতে একটু ঝিম মেরে চলতে পারি। আমরাও দোয়া করি সামনের একমাসের জন্য বাংগালি ভাইবোনেরা ছেড়ে ভালো হয়ে যাক।

আবুল কালাম, প্লাম্বার
সুইজারল্যান্ড প্রবাসী




14

Switzerland Probashi
24 January ·

শহর থেকে ২২ কিলু অদূরে বাংগালি ফ্যামেলির সাথে এক রুম ভাড়া দেয়া হবে। বেজমেন্ট রুম। আপাতত পুরান ফিরিজ আর কিছু টুকিটাকি জিনিসপত্র রাখছি। এডভাস করার দুইদিনের ভিতর সব খালি করে রেডি করে দিব। হসপিটালের সিঙেল বেডগুলা দেয়া হবে হোতার জন্য। আর সাথে একটা আয়না। মহিলা স্টুডেন্ট হইলে ভাল হয়। কারণকি, পুরুষরা রুম নোংরা করে ফেলে। বাসায় আরো ৫ ফ্যামিলি আছে। সো পাকেরঘর আর টয়লেট শেয়ার। রেন্ট ৮০০ ইউরু। কারেন্ট গ্যাস সব ভিতরে। নেয়ার হলে ম্যাসেজ দিয়েন। কিন্তু মুলামুলি করা যাবেনা। বিশ্বযুদ্ধের সময় আর্মিরা এই রুমটা লাস্ট ইউজ করছে। ঐতিহ্যবাহিক রুম। সবাই এই ভাগ্য হয়না।

হারুনুর রশিদ
সুইজারল্যান্ড প্রবাসী



15

Switzerland Probashi
24 March at 16:15 ·

জীবনে ভালো থাকার একটা টেকনিক তোমাদেরকে বলে দেই ছোটভাইয়েরা। আমি বাংলা অর্থ সহ লিখে দিতেছি -

You bought a house dont tell anyone. You get a new job dont tell anyone. You get promoted dont tell anyone. Because silence protects dream. Not everything needs an audience. Most dreams fail not because of hard work. But we talk too early to the wrong people. Some people smile to your face while envy grows in their heart. They want to see you do well just never better than them. Protect your plan, protect your peace. And remember silence is power.

মানে হচ্ছে - তুমি সবসময় ফাও কথা বলবা। নিজের অর্জন, নিজের ভালো জিনিস কখনো কারো সাথে শেয়ার করবানা। সবসময় মিছা কথা বলবা। মানুষের সামনে গলা শুকাইবা। তাহলে যেটা হবে, মানুষ বলবে ওই তো এমনেই ফাটা বাঁশের চিপায় আছে। ওরে আর কি নজর দিমু। তখন তারা আর তোমাকে দেখে শিশাবেনা। অন্য জায়গায় নজর দিবে। তোমার টাকাপয়সা, ধনসম্পত্তির দিকে আর চোখ দিয়া শুষবেনা। মানুষের ভয়ে সবসময় নিজেকে গরিব শো করবা। একদম ফেক একটা জালিয়াতি ইমেজ তৈরি করবা নিজের সম্পর্কে। তাহলে ভালো থাকতে পারবা।

বড়ভাই যেটা বললাম, একটু ট্রাই করেই দেখো। শাইনিং করতে পারবা।

সাইদুল ইসলাম (রুমার হাজবেন্ড)
সুইজারল্যান্ড প্রবাসী

3.4K 163 comments 108 shares

16

Switzerland Probashi
13 January ·

সামনেই নির্বাচন। ওসমান ভাই জিতুক বা কালাম ভাই জিতুক, সেটা বিষয় না। কোনোভাবে কি বাসুদেবের বাড়িটা ভাং*চুর করা যায় কিনা? যে কথা দিবে, তাকে ভোট দিব।

রুমার হাজবেন্ড
সুইজারল্যান্ড প্রবাসী

You, Redowan Islam Palash, Israt Jahan Oishe and 6.4K others 307 comments 42 shares

Haha Comment Share


17

Switzerland Probashi
28 March at 09:37 ·

চুল কাটাইতে আসছি। সবাই দোয়া করবেন। প্রতিবার চুল কাটাইতে এসে ধরা খাই। কখনো চুল বড় রয়ে যায়। ভয়ে বলতে পারিনা আরেকটু ছোট করে দেও যদি সেলুনদার বিরক্ত হয়? আবার চুল বেশি ছোট করে ফেললেও কিছু বলতে পারিনা। কিছু বললে যদি রাগ হয়?

পুরুষদের জীবনটাই আসলে কঠিন। মহিলাদের মত কাউকাউ করার স্বভাবটা কেনো যে আমাদের হইলোনা ইশশ !

কামরুজ্জামান কামরুজ্জামান
সুইজারল্যান্ড প্রবাসী



18

Switzerland Probashi
29 March at 09:17 ·

কম খরচে ইন্টারনেট চালানো এবং সেখান থেকে লাভ করার কিছু টেকনিকঃ

১. যারা ওয়াইফাই চালান, তারা তো বাদশা। তাদেরকে তো আর কিছু বলার নাই। কিন্তুরিক যারা ডাটা কিনে চালান, তারা সবসময় সাউন্ড কমাইয়া ভিডিও দেখবেন। তাহলে এমবি কম কাটবে।

৩. ঘরে কখনো বাড়তি খানা পাক করলে আশেপাশের দুই তিন বাসায় প্রতিবেশীর জন্য নিয়ে যাবেন। ভিতরে গিয়ে বসবেন। প্লেটটা পরিষ্কার করে ফিরত দিতে দিতে ওদেরকে বলবেন, একটু জরুলি মিটিং আছে। তোমার ওয়াইফাইটা দেও তো। এভাবে আশেপাশের সব ওয়াইফাই পাছেয়াট নিয়ে রাখবেন।

৪. ইমু দিয়ে ভিডিও কল করলে এমবি কম কাটে এবং ওইখানে চেহারা পরিষ্কার আসে। মুখের কোনো দানা, গোটা কিচ্ছু ধরা পরেনা। একদম পুতুলের মত কিলিয়ার আসবে। তাই ভিডিও কল সবসময় ইমুতে দিবেন।

৫. ফ্রেশবুকে এমন এমন বন্ধু বানাইবেন যারা ভালো চাকরি করে বা ভালো কোনো ব্যবসা করে। তাদের থেকে সবসময় ধার উদার করার মত কানেকশন করবেন। প্রথম পর্যায়ে খামাখামা টাকা ধার নিয়ে দুই দিন পকেটে ফেলে রেখে ফিরত দিয়ে দিবেন। এতে বিশ্বাস অর্জন হবে। তারপর বিপদে আপদে বড় অংক চাইলেই পাবেন ইনশাআল্লাহ।

পরে আরো টেকনিক দিব। এখন উঠি। আমার নেট বেশি কাটতেছে। আমাকে সাইজ করার জন্য গোলাপ ভাই ওয়াইফাই বন্ধ করে রাখছে। এমপোপোর সাথে এটা নিয়ে আলোচনা করবো। আসি। গুড নাইট।

কামরুজ্জামান কামরুজ্জামান
সুইজারল্যান্ড প্রবাসী

4.8K 179 comments 26 shares

19

Switzerland Probashi
18 March at 18:35 ·

যেসব কর্মজীবী ভাইয়েরা বিদেশে ঈদ করবেন, তাদেরকে কিছু সাজেশান দিব -

১. ঈদের ছুটি চাইয়া কখনোই বিদেশি বস, কলিগ কিংবা বিদেশি বন্ধুদেরকে বুঝাইতে যাবেন না আপনি ধর্মপ্রাণ মোসলমান। কারণ এটা বুঝতে পারলে ওরা আপনাকে ভয় পাবে। ওদের সাথে মিলে চলতে হইলে নিজেকে নিরপেক্ষ বা আনপেক্টিসিং মোসলমান বলবেনা তাহলে বিদেশে শাইন করতে পারবেন।

৩. এবংকি আপনার কোনো মোসলমান কলিগ যদি ঈদের ছুটি চায়, আপনি তাকে সরাসরি বলবেন, আরে মিয়া বিদেশে আসছো কামলা দিতে। একদিন ছুটি নিলেই ৫০ ইউরু লস। মন দিয়ে কাজ করো, টাকা বানাও।

৪. তারপরও যদি সে আপনার কথা না শুনে, তাহলে বসকে কানে কানে বলে দিবেন ছুটিটা ওরে না দিয়ে যেনো আপনেরে দেয়।

৫. বাংগালি কমোনিটির সাথে মিলেমিশে ঈদ করবেন। যে যেই সমিতিতে আছেন, সেই সমিতির ভেনু কোথায় পরে, সেইখানে যাবেন। লিবিয়া ওয়ালারা ইটালিওয়ালাদের ভেনুতে যাবেন না। ইটালি থেকে আসা লোকেরা আবার আমাদের ভেনুতে আসবেন না। যার যার মত গ্রুপ মেন্টেনেছ করে চলবেন। এটা সমঝোতার জায়গা না। সম্মান রক্ষার জায়গা।

৬. কেউ সাইধা সাইধা দাওয়াত নিতে চাচ্ছে এরকম মনে হইলে আগে থেকে বলে দিবেন, আপনের ভাবীর অসুখ। বাসার সবার জ্বর। ঈদে কিভাবে কিসহবে কিছু বুঝতেছিনা ইত্যাদি হাংকিপাংকি।

প্রথম অবস্থায় এগুলা মেনে চললেই হবে। কোরবানির ঈদে আরো টেকনিক দিব।

মোহাম্মদ টিটু, অফিস
সুইজারল্যান্ড প্রবাসী



20

Switzerland Probashi
28 September 2025 ·

কামরুজ্জামানের সাথে ওসমান ভাইর তুলনা হয়না। তারপরও সে যেহেতু বাসুদেবের রান্না খেয়ে বলছে, ওসমান ভাই রান্না পারেনা। তার চুড়ি পরে ঘরে বসে থাকা উচিত। তাই আমরা কামরুজ্জামানের সাথে ওসমান ভাইর কিছু তুলনা করা যায় কিনা দেখলাম।

১. কামরুজ্জামানের জ্বর হয়। ওসমান ভাইর জ্বর হয়না।

২. কামরুজ্জামানের শরিল তুলতুলে। অন্যদিকে ওসমান ভাইর বডি শক্ত। সে প্রায়ই তার কর্মচারীদেরকে কিলঘুষি দেয়। একবার একজনের হাতে মো*চড় দিয়ে জয়েনও ছুটি ফেলছে।

৩. কামরুজ্জামানের বুকে লোম নেই। ওসমান ভাইর বুকে লোম আছে।

৪. কামরুজ্জামান বউকে খরচ দেয়না। বিদেশি মহিলা বিয়ে করে সেটেল হওয়ার আশায় দেশে বউটাকে ডিবোস দিতে চায়। অন্যদিকে ওসমান ভাইর বউ যেমনই হোক সে সংসার ধরে রাখছে। সংসার নিয়ে পাবলিকে কোনো কথা বলেনা। ওসমান ভাই একজন ফেমিলি মেন।

৫. কামরুজ্জামান নিজেই ধার উদার করে চলে। এদিকে ওসমান ভাই কামরুজ্জামানের মত দশটা অসহায় লোককে চাকরি দিয়ে দুইবেলা ভাত খাওয়ার সুযুক করে দেয়।

৬. কামরুজ্জামান সহজে ক্লান্ত হয়ে যায়। ওসমান ভাই ক্লান্ত হয়না। অর্থাৎ কামরুজ্জামান হোটেলে কাজ করতে করতে সহজে ক্লান্ত হয়ে যায়। জীবনে কখনো ওভার টাইম করেনাই। অন্যদিকে ওসমান ভাই দিনরাত খাটাখাটনি করে।

কামরুজ্জামানের অসদাচরণ নিয়ে সমিতি ভোট হবে। সবদিক বিবেচনা করে ভোট দিবেন। যাতে কোনো অপরাধী পার পেয়ে না যায়। ছবিতে এটা ওসমান ভাই। সবাই তার জন্য দোয়া করবেন।

মোহাম্মদ টিটু, অফিস
সুইজারল্যান্ড প্রবাসী

21

Switzerland Probashi
31 August 2025 ·

বাসুদেব ভাইর আব্বা মা*রা গেছে। আমরা সবাই মিলে এখানে আসছি পো*ড়া দেওয়া দেখতে। গোলাপ ভাই একটা ঝাকানাকা পাইজাবি পরছে। আমি বললাম, ভাইয়ো আপনের জামা দেখলে মানুষে খারাপ কথা বলবেনা?

গোলাপ ভাই বললো, "শোকের সময় তো কালো জিনিসই পরতে হয়। কালোর উপর কি ডিজাইন আছে সেটা দেখার বিষয় না। আর তাছাড়া সুইজারল্যান্ডে এগুলাই চলে। কে কি পরলো দেখার টাইম নাই। তুমি উদলা হয়ে হাঁটলেও তোমাকে কেউ মানা করবেনা।"

গোলাপ ভাইর কথা শুনে ভাল লাগলো। কালকে থেকে আমি ছুটপ্যান্ট পরে বাইর হব ইনশাল্লাহ। সবসময় ছুটপ্যান্ট পরবো। যদিও একটু ঠান্ডা লাগে। শীতের দেশ বলে কথা। ভিতরে ঠান্ডা বাতাস ঢুকে সব হিম হয়ে যায়। তবে মানতেই হবে গোলাপ ভাই একটা এডুকেশন। আল্লাহ আমার মাথার অর্ধেক চুল গোলাপ ভাইরে দিয়ে দেও।

কামরুজ্জামান কামরুজ্জামান
সুইজারল্যান্ড প্রবাসী



22

Switzerland Probashi
4 April at 10:27 ·

ঢাকায় কেউ তেল না পেয়ে জিদ করে হুন্ডা সেল করে দিলে আমাকে বইলেন। ভাতিজার জন্য একটা কিনব।

বাসুদেব ঢালী
সুইজারল্যান্ড প্রবাসী

4.8K 107 comments 41 shares